যৌক্তিক ভিত্তিতে ঠিক হবে গণপরিবহনের ভাড়া: তথ্য উপদেষ্টা



প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার বিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। ছবি: সংগৃহীত

গণপরিবহনের ভাড়া বাড়ানো নিয়ে চলমান বিতর্কের মধ্যে সরকার ভাড়া যৌক্তিকভাবে নির্ধারণ করবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান।

মঙ্গলবার সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি বলেন, জ্বালানির মূল্য বৃদ্ধির কারণে ভাড়া সমন্বয়ের আলোচনা চলছে। তবে সিদ্ধান্ত হবে এমনভাবে, যাতে যাত্রী ও পরিবহন খাত—উভয়ের স্বার্থ বিবেচনায় থাকে।

তিনি আরও জানান, পরিস্থিতি সামাল দিতে এসি বাসে ধাপে ধাপে ভাড়া নির্ধারণের চিন্তা রয়েছে, যা আসন্ন ঈদের আগেই কার্যকর হতে পারে। পাশাপাশি ঢাকার বাস টার্মিনালের মানোন্নয়নেও উদ্যোগ নেওয়া হয়েছে।

উপদেষ্টা বলেন, সরকার শুধু ভোক্তা নয়, পরিবহন সংশ্লিষ্টদের স্বার্থও দেখবে। একই সঙ্গে দ্রব্যমূল্যের অযৌক্তিক বৃদ্ধি নিয়ন্ত্রণে রাখার চেষ্টা থাকবে এবং নিম্নআয়ের মানুষের জন্য সহায়তা কর্মসূচি আরও বাড়ানো হবে।